# মুহাম্মাদ | Muhammad | مُحَمَّد

আয়াতঃ ৪৭ : ৩৪

## আরবি মূল আয়াত:

اِنَّ الَّذِینَ كَفَرُوا وَ صَدُّوا عَن سَبِیلِ اللّٰهِ ثُمَّ مَاتُوا وَ هُم كُفَّارٌ فَلَن یَّغفِرَ اللّٰهُ لَهُم ﴿۳۴﴾

## অনুবাদসমূহ:

নিশ্চয়ই যারা কুফরী করেছে এবং আল্লাহর পথে বাধা দিয়েছে। তারপর কাফির অবস্থায়ই মারা গেছে, আল্লাহ কখনই তাদের ক্ষমা করবেন না। — আল-বায়ান

যারা কুফরী করে আর (মানুষকে) আল্লাহর পথে চলতে বাধা দেয় আর এভাবে কাফির অবস্থাতেই মৃত্যুবরণ করে, আল্লাহ তাদেরকে কক্ষনো ক্ষমা করবেন না। — তাইসিরুল

যারা কুফরী করে এবং আল্লাহর পথ হতে মানুষকে নিবৃত্ত করে, অতঃপর কাফির অবস্থায় মৃত্যু বরণ করে, আল্লাহ তাদেরকে কিছুতেই ক্ষমা করবেন না। — মুজিবুর রহমান

Indeed, those who disbelieved and averted [people] from the path of Allah and then died while they were disbelievers - never will Allah forgive them. — Sahih International

৩৪. নিশ্চয় যারা কুফরী করেছে এবং আল্লাহর পথ থেকে মানুষকে নিবৃত্ত করেছে, তারপর কাফির অবস্থায় মারা গেছে, আল্লাহ তাদেরকে কখনই ক্ষমা করবেন না।

-

তাফসীরে জাকারিয়া

(৩৪) যারা অবিশ্বাস করে ও আল্লাহর পথ হতে মানুষকে নিবৃত্ত করে অতঃপর অবিশ্বাসী অবস্থায় মৃত্যুবরণ করে, আল্লাহ তাদেরকে কিছুতেই ক্ষমা করবেন না।

-

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=4579

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন